

সরকারি আবাসন পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় ২০২০-২০২১ অর্থ বছরের উত্তম চর্চার তালিকাঃ

ক্রঃনঃ	উত্তম চর্চার শিরোনাম	উত্তম চর্চার বিবরণ
১।	সেবা সহজীকরণ পদ্ধতি মনিটরিং	সরকারি আবাসন পরিদপ্তরের বিদ্যমান বিভিন্ন সেবা অতিদ্রুত সেবাগ্রহীতাদের নিকট প্রেরণ নিশ্চিত করণে সেবা সহজীকরণ পদ্ধতিসমূহ সার্বক্ষণিক মনিটর করা হয়।
২।	অভিযোগ নিষ্পত্তি	সরকারি আবাসন পরিদপ্তরের ওয়েবসাইটে গুগল ফর্ম এবং GRS সিস্টেমের মাধ্যমে অভিযোগ গ্রহণ করা হয় এবং দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্টদের কে অবহিত করা হয়।
৩।	সেবাগ্রহিতা ফিডব্যাক	সরকারি আবাসন পরিদপ্তরের সেবাগ্রহিতার যে কোন জিজ্ঞাসা বা সেবা সংশ্লিষ্ট যে কোন বিষয়ে সেবাগ্রহিতাদেরকে ফেইসবুক পেইজ/গুগল ফরম ব্যবহার করে, ই-মেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হয়।
৪।	দ্রুত না-দাবি সেবা প্রদান।	না-দাবি সনদপত্রের ত্রুটিমুক্ত আবেদনপত্র প্রাপ্তির ০৪ (চার) কর্মদিবসের মধ্যে নিষ্পত্তির মাধ্যমে আবেদনকারীদের অনুকূলে ইনথি সিস্টেমে/ইমেইলে সনদ প্রদান করা হয়।
৫।	অটোমেশন পদ্ধতিতে বাসা বরাদ্দ প্রদান	বর্তমানে নবনির্মিত মোট বাসার ৬০% বাসা অটোমেশন পদ্ধতিতে বরাদ্দের কার্যক্রম চালু রয়েছে তবে শতভাগ অটোমেশনের মাধ্যমে বরাদ্দ প্রক্রিয়া চালুকরণের জন্য সফটওয়্যার আধুনিকীকরণের জন্য কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩০-০৪-২০২০ তারিখের মধ্যে সম্পনের পরিকল্পনা রয়েছে।
৬।	বিভিন্ন কলোনীর সাথে সমন্বয় সাধন	সরকারি আবাসন পরিদপ্তরের বিভিন্ন কলোনীর নির্বাচিত/মনোনিত প্রতিনিধিদের সাথে যোগাযোগ পূর্বক কলোনীতে নিযুক্ত আবাসন পরিদপ্তরের নিরাপত্তা প্রহরী এবং পরিচ্ছন্নতা কর্মীদের কাজের তদারকি এবং কার্যক্রমের সমন্বয় সাধন করা হয়।
৭।	কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্য বিধি প্রতিপালন	কোভিড-১৯ রোধকল্পে স্বাস্থ্য বিধি ও সরকারের নির্দেশনা যথাযথ অনুসরণ করে দপ্তরের সকলকে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
৮।	পরিচ্ছন্নতা কার্যক্রম	ডেঞ্জু প্রতিরোধে সরকারি আবাসন পরিদপ্তরের অফিস আঞ্জিনাসহ সার্বিক পরিচ্ছন্নতার লক্ষ্যে নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়।
৯।	ডিজিটাল হাজিরা পরিবীক্ষণ	ফেইস রিকগনিশন ডিজিটাল হাজিরা মেশিন ব্যবহার করে কর্মচারিগণের হাজিরা পরিবীক্ষণ করা হয়।